

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০১৩

৫/ হাজ (হজ/হজ) (এআ Lall ) (১৯৯৮)

পরিচ্ছেদঃ ৮৮. মক্কার পবিত্রতা।

# باب تَحْرِيمِ مَكَّةَ

#### আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلِ ، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِم ، حَدَّثَنَا الأَوْزَاعِيُّ ، حَدَّثَنِي يَحْيَى ، - يَعْنِي ابْنَ أَبِي كَثِيرٍ - عَنْ أَبِي سَلَمَةَ ، عَنْ أَبِي هُرَيْرَة ، قَالَ لَمَّا فَتَحَ اللَّهُ تَعَالَى عَلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فِيهِمْ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ " إِنَّ اللَّهَ حَبَسَ عَنْ مَكَّةَ الْفِيلَ وَسَلَّطَ عَلَيْهَا رَسُولَهُ وَالْمُؤْمِنِينَ وَإِنَّمَا أُحِلَّتُ عَلَيْهِ ثُمَّ قَالَ " إِنَّ اللَّهَ حَبَسَ عَنْ مَكَّةَ الْفِيلَ وَسَلَّطَ عَلَيْهَا رَسُولَهُ وَالْمُؤْمِنِينَ وَإِنَّمَا أُحِلَّتُ لِي سَاعَةً مِنَ النَّهَارِ ثُمَّ هِي حَرَامٌ إِلَى يَوْمِ الْقِيَامَةِ لاَ يُعْضَدُ شَجَرُهَا وَلاَ يُنَقَّرُ صَيْدُهَا وَلاَ يَعْلَى وَسَلَّا عَلَيْهَا رَسُولَ اللَّهِ إِلاَّ الإِذْخِرَ قَإِنَّهُ لِكَ يُعْضَدُ شَجَرُهَا وَلاَ يُنَقُرُ صَيْدُهَا وَلاَ يَعْنِ الْوَلِيدِ فَقَامَ عَبَّاسٌ أَوْ قَالَ قَالَ الْعَبَّاسُ يَا رَسُولَ اللَّهِ إِلاَّ الإِذْخِرَ " . قَالَ أَبُو دَاوُدَ وَزَادَنَا فِيهِ ابْنُ الْمُصَمِّقَى عَنِ الْوَلِيدِ فَقَامَ أَبُو شَاهٍ - رَجُلٌ مِنْ أَهْلِ الْيُمَنِ - فَقَالَ يَا وَرُادَنَا فِيهِ ابْنُ الْمُصَفِّى عَنِ الْوَلِيدِ فَقَامَ أَبُو شَاهٍ - رَجُلٌ مِنْ أَهْلِ الْيَمَنِ - فَقَالَ يَا وَرُادَنَا فِيهِ ابْنُ الْمُصَفِّى عَنِ الْولِيدِ فَقَامَ أَبُو شَاهٍ - رَجُلٌ مِنْ أَهْلِ الْيَمَنِ - فَقَالَ يَا وَسُولُ اللّهِ عليه وسلم " اكْتُبُوا لأَبِي شَاهٍ " . قَالَ هَذِهِ الْخُطْبَةَ الْيَتِي سَمِعَهَا مِنْ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم .

#### বাংলা

২০১৩. আহমাদ ইবন হাম্বল (রহঃ) ..... আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহ্ তা'আলা যখন তাঁর রাসূলের উপর মক্কা বিজয় দান করেন, তখন নবী করীম সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাদের মধ্যে বক্তা হিসাবে দণ্ডায়মান হয়ে, আল্লাহ্ তা'আলার প্রশংসা ও গুনাগুন করেন। অতঃপর তিনি বলেন, আল্লাহ্ তা'আলা (আবরাহার) হস্তী বাহিনীর মক্কায় প্রবেশ করা প্রতিহত করেন। আর তিনি (মক্কার উপর) প্রাধান্য প্রদান করেন তাঁর রাসূল ও মু'মিনদেরকে। আর আমার জন্য দিবসের একটি অংশকে (যখন তিনি তাঁর সৈন্যসহ সেখানে প্রবেশ করেন) হালাল করা হয়েছে।



অতঃপর সেখানে (মক্কায়) কিয়ামত পর্যন্ত সকলের জন্য (যুদ্ধ-বিগ্রহ করা) হারাম। তার (সবুজ) বৃক্ষরাজি কর্তন করা যাবে না, সেখানে কিছু শিকার করা যাবে না এবং সেখানে পড়ে থাকা কোন বস্তু ঘোষক ব্যতীত অন্যের (প্রদান বা সাদকা করা) জন্য হালাল হবে না। তখন আব্বাস (রাঃ) দন্ডায়মান হন অথবা (রাবীর সন্দেহ) আব্বাস (রাঃ) বলেন, হে আল্লাহ্র রাসুল! ইযখির ব্যতীত, কেননা সেটা আমাদের গৃহ নির্মানের ও কবরের জন্য ব্যবহৃত হয়ে থাকে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, হাাঁ, ইযখির ব্যতীত।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, ইবন আল-মুসাফ্ফা, আল ওয়ালীদ হতে অতিরিক্ত বর্ণনা করেছেন যে, তখন আবূ শাহ্ নামক ইয়ামনের জনৈক ব্যক্তি দন্ডায়মান হয়ে বলেন, হে আল্লাহ্র রাসুল! এটা আমার জন্য লিখে দিন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমরা আবূ শাহ্-কে এটা লিখে দাও। রাবী (ওয়ালীদ) বলেন, তখন আমি আওয়া'ঈকে এ সম্পর্কে বলি, তোমরা আবূ শাহকে যেটা লিখে দিচ্ছ তা কী? তিনি (আওয়া'ঈ) বলেন, এটা ঐ খুতবা যা তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট হতে শুনেছেন।

### **English**

Abu Hurairah said "When Allah, the Exalted, granted the conquest of Makkah to his Apostle, the Prophet() stood among them(the people) and praised Allaah and extolled Him. He then said, Verily Allaah stopped the Elephant from Makkah, and gave His Apostle and the believers sway upon it and it has been made lawful for me only for one hour on one day then it will remain sacred till the Day of Resurrection. Its trees are not to be cut, its game is not to be molested and the things dropped there are to be picked up only by one who publicly announces it. 'Abbas or Al 'Abbas suggested "Apostle of Allaah() except the rush(idhkir) for it is useful for our graves and our houses. The Apostle of Allaah() said "Except the rush."

Abu Dawud said "Ibn Al Musaffa added on the authority of Al Walid Abu Shah a man from the people of the Yemen stood and said "Give me in writing, Apostle of Allaah()". The Apostle of Allaah() said "Give in writing to Abu Shah. I said to Al Awza'i "What does the statement mean? Give Abu Shah in writing?" He said "This was an address which he heard from the Apostle of Allaah()."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন